

# 💵 সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৩৯৫

৮/ সওম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ ২৩৩. সফরে রোযা রাখা।

باب الصَّوْم فِي السَّفَرِ

### আরবী

حَدَّتَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ النَّفَيْلِيُّ، حَدَّتَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الْمَجِيدِ الْمَدَنِيُّ، قَالَ سَمِعْتُ حَمْزَةَ بْنَ مُحَمَّدِ بْنِ حَمْزَةَ الْأَسْلَمِيَّ، يَذْكُرُ أَنَّ أَبَاهُ، أَخْبَرَهُ عَنْ جَدِّهِ، قَالَ قُلْتُ يَا رَسُولَ اللَّهِ إِنِّي صَاحِبُ ظَهْرٍ أُعَالِجُهُ أُسَافِرُ عَلَيْهِ وَأَكْرِيهِ وَإِنَّهُ رُبَّمَا صَادَفَنِي هَذَا الشَّهْرُ \_ يَعْنِي مَنَاتَ \_ وَأَنَا أَجِدُ الْقُوَّةَ وَأَنَا شَابُّ وَأَجِدُ بِأَنْ أَصُومَ يَا رَسُولَ اللَّهِ أَهْوَنَ عَلَيَّ مِنْ أَنْ أُوْخِرِي أَوْ أُفْطِرُ قَالَ " أَيُّ ذَلِكَ مِنْ أَنْ أُوْخِرِي أَوْ أُفْطِرُ قَالَ " أَيُّ ذَلِكَ مِنْ أَنْ أُوْخِرِي أَوْ أُفْطِرُ قَالَ " أَيُّ ذَلِكَ شِئْتَ يَا حَمْزَةُ " .

#### বাংলা

২৩৯৫. আবদুল্লাহ্ ইবন মুহাম্মদ আন নুফায়লী ..... হামযা ইবন মুহাম্মদ ইবন হামযা আল আসলামী (রহঃ) তাঁর পিতা তাঁর দাদা হতে বর্ণনা করেছেন। তিনি বলেন, আমি বলি, ইয়া রাসূলাল্লাহ্! আমি উদ্রের পিঠের মালিক এবং আমি প্রায়ই সফরে থাকি। এমতাবস্থায় যদি এই রামাযান মাস আসে এবং যৌবনের শক্তির কারণে যদি আমি রোযা রাখতে সক্ষম হই, তবে কি আমি রোযা রাখব? ইয়া রাসূল্লাহ্! রোযা পরে রাখার (কাযা করার) চাইতে তা আদায় করা আমার জন্য অধিকতর সহজ এবং তা দীনেরও অঙ্গ। ইয়া রাসূলাল্লাহ! অধিক বিনিময় প্রাপ্তির আশায় আমি কি রোযা রাখব, না ইফতার করব? তিনি বলেন, হে হামযা! তোমার যা ইচ্ছা তা-ই করো।

## **English**

#### Narrated Hamzat al-Aslami:

I said: Messenger of Allah. I am a master of mounts and I use them! I myself travel on them and I rent them. This month, that is, Ramadan, happend to come to me (while I am on a journey), and I find myself strong enough (to fast) as I am young, and I find that it is easier for me to fast than to postpone it, and i becomes debt due from me. Does it bring me more



reward, Messenger of Allah, if I fast, or if I break? He replied: Whichever you like, Hamzah.

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন